

নং-১৩.০০.০০০০.০২২.৩৩.০৭৯.৯১-

তারিখ:

১৫ চৈত্র, ১৪২৪ বঙ্গাব্দ

২৯ মার্চ, ২০১৮ খ্রিস্টাব্দ

প্রাপকঃ প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা

খাদ্য মন্ত্রণালয়, ১৬, আব্দুল গনি রোড ঢাকা।

বিষয়ঃ জনাব শেখ রোকা মিয়া, অতিরিক্ত পরিচালক (পিআরএল ভোগরত), সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা-এর অবসরভাতা ও আনুতোষিক মঞ্জুরি।

সূত্র: খাদ্য অধিদপ্তরের পত্র নং-১৩.০১.০০০০.০৩৪.১৩.০২০.১৭-২১৯

তারিখ: ২২/০৩/২০১৮ খ্রি:

জনাব,

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব শেখ রোকা মিয়া, অতিরিক্ত পরিচালক (পিআরএল ভোগরত), সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা এ মন্ত্রণালয়ের ০৪/০৭/২০১৭ খ্রিঃ তারিখের ৩৬০ নং প্রজ্ঞাপন মূলে ১৭/০৬/২০১৭ খ্রিঃ হতে ১৬/০৬/২০১৮ খ্রিঃ তারিখ পর্যন্ত অবসর উত্তর ছুটি ভোগ শেষে পূর্ণ অবসর গ্রহণ করবেন। সে প্রেক্ষিতে সংশ্লিষ্ট কর্মকর্তা পেনশন ফরম ২.১ পূরণপূর্বক প্রাপ্য আনুতোষিকসহ মাসিক নীট পেনশন মঞ্জুরির জন্য আবেদন করেন। খাদ্য অধিদপ্তরের প্রস্তাবমতে সংশ্লিষ্ট কর্মকর্তার আনুতোষিক বাবদ ৬৮,১২,৩৭০/- (আটষট্টি লক্ষ বার হাজার তিনশত সত্তর টাকা) এবং নীট মাসিক পেনশন বাবদ ২৯,৬১৯/- (উনত্রিশ হাজার ছয়শত উনিশ টাকা) নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে পরিশোধের মঞ্জুরি জ্ঞাপন করছি:

(ক) উক্ত কর্মকর্তার নিকট ভবিষ্যতে সরকারের কোন পাওনা উত্থাপিত হলে তিনি বা তাঁর উত্তরাধিকারীগণ তা পরিশোধ করতে বাধ্য থাকবেন।

(খ) তাঁর প্রদত্ত ই,এল,পি,সি অনুযায়ী উক্ত কর্মচারী যে পরিমাণ আনুতোষিক ও মাসিক নীট পেনশন প্রাপ্য বলে ধার্য করা হয়েছে, তা প্রদানের জন্য পেনশন ফরম ২.১ এর তৃতীয় অংশে মঞ্জুরকারি কর্তৃপক্ষ স্বাক্ষর প্রদান করেছেন।

২। জনাব শেখ রোকা মিয়া, অতিরিক্ত পরিচালক (পিআরএল ভোগরত), সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা-এর প্রাপ্য আনুতোষিক ও মাসিক নীট পেনশন পরিশোধের পিপিও বহিঃ জারি করে এ মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

৩। এ সংক্রান্ত নিম্নোক্ত কাগজপত্র সংযুক্ত করা হলোঃ

(ক)	সংশ্লিষ্ট কর্মকর্তার বিষয়ে চূড়ান্ত না-দাবী সনদ	১ (এক) কপি
(খ)	নির্ধারিত পেনশন আবেদন ফরম ২.১	১ (এক) কপি
(গ)	সংশ্লিষ্ট কর্মকর্তার ছবি	১ (এক) কপি
(ঘ)	সংশ্লিষ্ট কর্মকর্তার শেষ বেতনের সনদ (ই,এল,পি,সি) (সংযোজনী-১)	১ (এক) কপি
(ঙ)	সংশ্লিষ্ট কর্মকর্তার অবসর আদেশ	১ (এক) কপি
(চ)	সংশ্লিষ্ট কর্মকর্তার বৈধ উত্তরাধিকারী ঘোষণাপত্র (সংযোজনী-২)	১ (এক) কপি
(ছ)	সংশ্লিষ্ট কর্মকর্তার নমুনা স্বাক্ষর ও অঙ্গুলির ছাপ (সংযোজনী-৬)	১ (এক) কপি
(জ)	সংশ্লিষ্ট কর্মকর্তার বিষয়ে সর্বশেষ কর্মস্থলের না-দাবী প্রত্যয়নপত্র (সংযোজনী-৮)	১ (এক) কপি
(ঝ)	সংশ্লিষ্ট কর্মকর্তার অঙ্গীকার নামা	১ (এক) কপি
(ঞ)	সংশ্লিষ্ট কর্মকর্তার চাকুরী বিবরণী	১ (এক) কপি

৪। এ আদেশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারি করা হলো।

সংযুক্তি- বর্ণনামতে।

স্বাক্ষরিত/-

(মোহাম্মদ হেলাল উদ্দিন)

উপসচিব

ফোন ৯৫৪০১১২

sasestabadmin@mofood.gov.bd

তারিখ: ১৫ চৈত্র, ১৪২৪ বঙ্গাব্দ

২৯ মার্চ, ২০১৮ খ্রিস্টাব্দ

নং-১৩.০০.০০০০.০২২.৩৩.০৭৯.৯১- ২২২/২(৭)

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ১৬, আব্দুল গনি রোড, ঢাকা।

২-৪। পরিচালক, প্রশাসন(হিসাব ও অর্থ)/সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ১৬, আব্দুল গনি রোড, ঢাকা।

৫। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ২৯৯, পশ্চিম জুরাইন, ঢাকা।

৬। প্রোগ্রামার, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা- প্রজ্ঞাপনটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য।

৭। জনাব শেখ রোকা মিয়া, অতিরিক্ত পরিচালক (পিআরএল ভোগরত), সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা: বর্তমান ঠিকানা: গ্রাম: তেলীখালী, উপজেলা: রামপাল, জেলা বাগেরহাট।

(মোহাম্মদ হেলাল উদ্দিন)  
উপসচিব